

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
www.doict.gov.bd  
(প্রশাসন শাখা)

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৩.১৮.০৩২.১৬-১১২৪


তারিখ: ২৩ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ  
০৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: আইসিটি বিষয়ক “নিউজ লেটার” প্রকাশের নিমিত্তে হালনাগাদ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উদ্যোগে আইসিটি নিউজ লেটার প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনস্থ সংস্থার প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাদের নানামুখী কর্মকান্ড উপস্থাপনের সুযোগ রয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ের কর্মরত সহকারী প্রোগ্রামারগণকে আইসিটি বিষয়ক বিভিন্ন কর্মকান্ড তথা নথি/ই-ফাইলিং, উন্নয়ন মেলা, ইন্টারনেট উইক, ইনোভেশন, বিশেষ অনুষ্ঠান সংক্রান্ত তথ্যাদির সচিত্র প্রতিবেদন (পিডিএফ ফাইল এবং ওয়ার্ড ফাইল) আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে srdl.report@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য বলা হলো। ইতোমধ্যে যে সমস্ত কর্মকর্তা বদলী হয়েছেন সে সমস্ত কর্মকর্তা পূর্বের পদায়নকৃত কার্যালয়ের তথ্যাদি প্রেরণ করবেন।

০২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন প্রকল্পসমূহ যথাক্রমে “প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” প্রকল্প, “সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্প, EDC (প্রস্তাবিত) প্রকল্পের সার্বিক কর্মকান্ডের হালনাগাদ তথ্যাদি এবং অধিদপ্তরের বিভিন্ন শাখার কার্যক্রমের তথ্যাদি (পিডিএফ ফাইল এবং ওয়ার্ড ফাইল) পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

০৩। আইসিটি অধিদপ্তরের মাধ্যমে আয়োজিত বিভিন্ন জাতীয়/আর্ন্তজাতিক অনুষ্ঠানের তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
০৭.০৯.১৭

(বনমালী ভৌমিক)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ফোন: +৮৮০ ২ ৮১৮১১০০ (অফিস)  
banamalibhowmick@doict.gov.bd

- ১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২। সিস্টেমস ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৩। পরিচালক (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৪। প্রকল্প পরিচালক  
“সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্প
- ৫। প্রকল্প পরিচালক  
“প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন” প্রকল্প,
- ৬। উপপরিচালক (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর